

Times Today BD

আশিকুর রহমান শান্ত | দেশজুড়ে | 27 June, 2025

বাংলাদেশ জাতীয় পার্টি (বিজেপি) ভোলা সদর উপজেলার উত্তর দিঘলদী ইউনিয়নের ৫নং ও ৬নং ওয়ার্ড সম্মেলন ও কমিটি গঠন অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (২৬ জুন) বিকেল ৪ টায় ৫নং ওয়ার্ড ও সন্ধ্যা ৭ টায় ৬নং ওয়ার্ড কমিটি গঠন উপলক্ষে মাছ কান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয় এর হল রুমে আলোচনা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

উত্তর দিঘলদী ইউনিয়নের সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়ক মোশারফ হোসেন হিরন এর সভাপতিত্বে ও সদস্য আব্দুর রব পাটোয়ারীর সঞ্চালনায় উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বাংলাদেশ জাতীয় পার্টি (বিজেপি) ভোলা সদর উপজেলার ভারপ্রাপ্ত সভাপতি প্রফেসর নূরনবী, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জাতীয় পার্টি (বিজেপি) ভোলা সদর উপজেলার সাধারণ সম্পাদক আবুল বশার বুলবুল, সাংগঠনিক সম্পাদক আইনুর রহমান জুয়েল মিয়া, যুগ্ম সম্পাদক আবুল বাছেত বাচ্চু হাওলাদার, অনুপম দত্ত, দপ্তর সম্পাদক সালাউদ্দিন আমিন, সাবেক ছাত্র নেতা মোঃ মামুন মুন্সি প্রমুখ।

নবগঠিত ৫নং ওয়ার্ড কমিটির সভাপতি মোঃ শহিদ জমাদার ও সাধারণ সম্পাদক শহিদ সিকদার এবং মোঃ কবির হোসেন কে সাংগঠনিক সম্পাদক করে ১০১ সদস্যসের কমিটি গঠন করা হয়। অপর দিকে ৬নং ওয়ার্ড কমিটিতে সভাপতি হিসেবে মোঃ আবুল কালাম তালুকদার, মোঃ রফিক হাজী কে সাধারণ সম্পাদক করে ১০১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

অনুষ্ঠানে বক্তরা নবগঠিত কমিটিকে ধন্যবাদ জানিয়ে সবাইকে একতাবধ্য হয়ে বিজেপির চেয়ারম্যান ব্যারিস্টার আন্দালিভ রহমান পার্থর হাত কে শক্তিশালী করার আহ্বান জানান।

এসময় উওর দিঘলী ইউনিয়নের নবগঠিত ৫ নং ও ৬ নং ওয়ার্ড বিজেপির নেতা কর্মীরা
উপস্থিত ছিলেন।

জাতীয় পার্টি বাংলাদেশ জাতীয় পার্টি তোলা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 01:45

URL: <https://www.timestodaybd.com/public/across-the-country/9958573804>